



ভালোবাসার জন্য হৃদয়টাকে খুলে দাও



এটা কি শুধুই সিনেমাতে দেখা যায় যে, কোনো এক আকর্ষণীয় আগন্তকের দিকে দৃষ্টি পড়লো আর আপনি তার প্রেমে পড়লেন? ইন্টারনেট এবং টেলিভিশন আমাদের অন্ধ করে রেখেছে, যার কারণে আমরা সেই রোমান্টিক সময়ের জন্য অপেক্ষা করি, যা আমাদের জীবনকে চিরদিনের মতো পাল্টে দেবে এবং এরই মধ্যে আমরা ভুলে যেতে থাকি সেসব অনুজ্জ্বল মানুষকে, যারা আপনার চেয়ে খাটো, মোটা কিংবা ফ্যাশনসচেতন নয়। আমরা তাদের দ্বিতীয় শ্রেণীর তালিকায় রেখে

ভালোবাসার সুযোগ দিই না। আমরা সেলুলয়েডের রঙিন ফিতায় দেখা মানুষের মতো মানুষ পেতে খুব বেশি আগ্রহী। আমাদের ধারণা, যদি আমাদের সঙ্গে এমন কারো দেখা হয় যে কি না অনুজ্জ্বল, অনাকর্ষণীয় তাহলে সে বন্ধু হবার নয়। কিন্তু এ ধরনের মনোভাব পোষণ করা ঠিক নয়। হতে পারে এদের মধ্যে কেউ কেউ আমাদের জন্য সবচেয়ে উপযুক্ত। যদি আমরা সব মানুষের প্রতি উদার হতে পারতাম তাহলে আরো অনেক সুখী হতাম। না, তার মানে এই

ভালোবাসার ঘর তৈরি

জীবনে নতুন ভালোবাসার ছোঁয়া পেতে আপনার বাড়টিকে প্রস্তুত করা প্রয়োজন। ... এখানে কিছু সহজ টিপস দেয়া হলো যা নিশ্চিতভাবে আপনার জীবনধারাকে ততটা নিঃসঙ্গ করবে না। আর ভালোবাসার প্রবেশের পথেও প্রতিবন্ধক হবে না।

♥ যদি আপনার কাপবোর্ডটি কিংবা 'খাস কামরাটি' হয় জিনিসপত্রে ঠাসা, দৃশ্যতই এখানে ভালোবাসা প্রবেশের কোনো সুযোগ নেই।

♥ আইটেমগুলো রাখুন জোড়ায় জোড়ায়। একটি কেনার পরিবর্তে দুটো মোমবাতি একসঙ্গে কিনুন। বিছানার দু'পাশে দুটো নাইট টেবিল রাখুন।

♥ তার ওপর খাটটি যেন হয় দু'জনের জন্য যথেষ্টই বড়।

♥ ভালোবাসার কারো মাথার নিচে দেয়ার জন্যে একটি অতিরিক্ত বালিশ হাতের কাছে রাখুন।

নয় যে, আমরা বলছি আপনি আপনার স্ট্যাণ্ডার্ডের নিচে যে কারো সঙ্গে সম্পর্ক গড়ে তুলুন। আপনি আপনার মতোই পছন্দের মানুষের গুণাবলীর তালিকাটিকে শক্তভাবে তৈরি করুন। কারণ তার যোগ্যতা আপনার জন্য গুরুত্বপূর্ণ। কিন্তু প্রথম কয়েক মিনিটেই আপনি কোনো সম্ভাবনাকে বাতিল করবেন না।

কিন্তু কিভাবে নিজেকে তৈরি করবেন? নিজের পদ্ধতিগুলো চর্চা করে দেখতে পারেন।

কেউ যদি আপনাকে তার সঙ্গে বেরিয়ে আসতে বলে আপনি যদি স্বাভাবিকভাবে আপনার সুন্দর উপস্থিতিতে একটি সুন্দর সময় দিতে অস্বীকার করেন, একটু শপথ নিন এবং নিজেকে নিজে বলুন-

আমি শপথ করছি-

♥ আমি তার সঙ্গে দেখা করবো এবং তাকে একটু সুযোগ দেবো।

♥ যে সাহস করে আমাকে বেরিয়ে আসতে বলে তার প্রতি নিরপেক্ষ থাকবো।

♥ মনে রাখবো নতুন কারো সঙ্গে দেখা করার ক্ষতি নেই।

♥ আমি শুধু একটি উদার হৃদয়ের খোঁজ পেতেও পারি।

♥ সিনেমাটিক সময়ের জন্য অপেক্ষা করা বন্ধ করবো।

অনামিকা